

## ভূমি তথ্য ও সেবা কাঠামো সংক্রান্ত কমিটির পঞ্চম সভার কার্যবিবরণী

|                  |   |
|------------------|---|
| তারিখ ও সময়     | : ৩০ ডিসেম্বর, ২০১৫, সকাল ১০:০০ টা।   |
| স্থান            | : কক্ষ নম্বর ২২, ভবন নম্বর ২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।                            |
| সভাপতি           | : জনাব এন এম জিয়াউল আলম, ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ |
| উপস্থিতির তালিকা | : পরিশিষ্ট “ক”।   |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার) মন্ত্রিপরিষদ বিভাগ হিসেবে এটি তাঁর প্রথম সমন্বয় সভা হওয়ায় উপস্থিত সদস্যবৃন্দ তাঁকে অভিনন্দন জানান। সভায় ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ অনুষ্ঠিত চতুর্থ সভার কার্যবিবরণী উপস্থাপিত হয় এবং কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর সভাপতি কমিটির সদস্য সচিব ড. মোঃ আব্দুল মান্নান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগকে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। ড. মোঃ আব্দুল মান্নান এ কমিটি গঠনের পটভূমি, বিগত সভার সিদ্ধান্তসমূহ সম্পর্কে সভাকে অবহিত করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নবর্ণিত আলোচনা অনুষ্ঠিত হয়।

০৩। ভূমি জরিপ, ভূমি রেজিস্ট্রেশন ও ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম সমন্বয়কল্পে সুপারিশমালা তৈরির লক্ষ্যে গঠিত উপ-কমিটির আহ্বায়ক জনাব শামসুল আলম, প্রকল্প পরিচালক, একসেস টু ল্যান্ড বলেন যে, গত ১৫/১০/২০১৫ তারিখে উপ-কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। উপ-কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সাব-রেজিস্ট্রার ও জেলা রেজিস্ট্রার অফিসের জনবলের তথ্য সংগ্রহ করা হয়েছে এবং ফেব্রুয়ারি/১৬ এর মধ্যে ২য় সভা করে সুপারিশমালা প্রস্তুত করা হবে।

০৪। ভূমি মন্ত্রণালয়ের ভূমি-সংক্রান্ত কার্যক্রম ডিজিটাইজেশনের লক্ষ্যে যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছে সেগুলো সমন্বয়ের লক্ষ্যে সুপারিশমালা প্রণয়নের জন্য গঠিত উপ-কমিটির আহ্বায়ক জনাব পুন্যব্রত চৌধুরী, অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয় বলেন যে, উপ-কমিটির প্রথম সভা সেপ্টেম্বর/১৫ মাসে অনুষ্ঠিত হয়। উপ-কমিটির প্রস্তাব অনুযায়ী নতুন সদস্য কো-অপ্ট করার সুযোগ চাওয়া হলে এ কমিটির পূর্ববর্তী সভায় তা অনুমোদন করা হয় এবং নতুন সদস্য উপ-কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। তিনি জানান যে, বিভিন্ন দাপ্তরিক কাজে ব্যস্ততার কারণে উপ-কমিটির ২য় সভা আয়োজন করা সম্ভব হয়নি। জানুয়ারি/১৬ এর শেষ সপ্তাহে উপ-কমিটির পরবর্তী সভা করে সুপারিশমালা প্রণয়ন করা হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

০৫। সভাপতি ৪র্থ সভার ২ নম্বর সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়ার পরিপ্রেক্ষিতে ভূমি সংস্কার বোর্ডের উপ-ভূমি সংস্কার কমিশনার জনাব মোঃ আবু মাসুদ বলেন যে, ভূমি সংস্কার বোর্ড একটি নামজারির সফটওয়্যার তৈরির কাজ হাতে নিয়েছে। কিন্তু সংশোধিত বাজেট না পাওয়ায় সংশ্লিষ্ট সফটওয়্যার কোম্পানিকে বিল পরিশোধ করা সম্ভব হয়নি। এ প্রসঙ্গে জনাব মোঃ আরফে এলাহী, আইটি ম্যানেজার, এটুআই জানান যে, এটুআই কর্তৃক নির্মীয়মান মিউটেশন সফটওয়্যার ফেব্রুয়ারি/২০১৬ এর মধ্যে অবমুক্ত করা সম্ভব হবে। তিনি আরও জানান যে, LISF তৈরির ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। LISF-এর প্রথম ভার্সনে মূলত ৩টি বিষয় অন্তর্ভুক্ত থাকবে। প্রথমে যে কোন ভূমি-সংক্রান্ত সফটওয়্যার তৈরির ক্ষেত্রে অনুসরণীয় স্ট্যান্ডার্ডসমূহ আগামী ফেব্রুয়ারি/১৬ এর মধ্যে প্রকাশ করা হবে। দ্বিতীয়ত ভূমি-সংক্রান্ত বিভিন্ন ই-সেবা LISF-এ একীভূত করার লক্ষ্যে আগামী মার্চ/১৬ মাসের মধ্যে ভূমি-সংক্রান্ত একটি ই-সেবাকে LISF-এর সাথে একীভূত করে পরীক্ষামূলকভাবে পরিচালনা করা হবে। তৃতীয়ত ভূমির ডিজিটাল রেকর্ডের ভান্ডার বা রিপোজিটরি তৈরি করা সম্ভব হবে। তিনি জানান যে, বাংলাদেশের বিভিন্ন স্থান থেকে বিভিন্ন উদ্যোগের মাধ্যমে বিভিন্ন ফরমেটে ডিজিটাল রেকর্ড তৈরি করা হচ্ছে। সম্প্রতি RS-K (আরএস খতিয়ান অনলাইনে প্রদর্শন ও বিতরণের পদ্ধতি) সিস্টেম তৈরির কাজ শেষ হয়েছে। এর মাধ্যমে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর (ডিএলআরএস)-এর ডিজিটাল রেকর্ডসমূহ অনলাইনে প্রদর্শন ও বিতরণ করা সম্ভব হবে। RS-K-কে ভূমির ডিজিটাল রেকর্ড ভান্ডার হিসেবে LISF-এর সাথে আগামী ফেব্রুয়ারি/১৬ এর মধ্যে সংযুক্ত করা হবে।

